# পরিক্রমা

সংখ্যা # ৭০ : সেপ্টেম্বর ২০১৭

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org

E-mail: secbd@bdmail.net

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৫ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী | |
| ০৬ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৭ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৮ | কর্পোরেট ফাইন্যান্স | |
| ০৯ | ক্যাপিটাল ইস্যু | |
| ১০ | সার্ভেইল্যান্স | |
| ১১ | নিবন্ধন | |
| ১২ | মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি | |
| ১৩ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি) | |
| ১৪ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৫ | এনফোর্সমেন্ট | |
| ১৬ | আইন | |
| ১৭ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৮ | এমআইএস | |
| ১৯ | গবেষণা ও উন্নয়ন | |
| ২০ | আন্তর্জাতিক সম্পর্ক | |
| ২১ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২২ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চার বছর মেয়াদের জন্য তাঁরা সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন। চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রনের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা। চেয়ারম্যান ও প্রথম দুই জন কমিশনার মে ২০১১ থেকে দায়িত্ব পালন করেন, মে ২০১৪ তে দ্বিতীয় মেয়াদে আরও চার বৎসরের জন্য নিয়োগ প্রাপ্ত হন। ড. স্বপন কুমার বালা ১৯ এপ্রিল ২০১৬ থেকে কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে 'A' ক্যাটাগরীতে উন্নীত করে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
**কমিশনার**



ড. স্বপন কুমার বালা এফসিএমএ
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

১. জনাব ফরহাদ আহমেদ

(বর্তমানে IOSCO এর Enforcement and Co-operation Advisor হিসাবে Secondment Position এ কর্মরত )

২. মিসেস রুকসানা চৌধুরী

৩. জনাব এ.টি.এম. তারিকুজ্জামান

(বর্তমানে শিক্ষা ছুটিতে নিউজিল্যান্ড এ অবস্থান করছেন)

৪. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

৫. জনাব মোঃ সাইফুর রহমান

৬. জনাব মোঃ আশরাফুল ইসলাম

৭. জনাব এম. হাছান মাহমুদ

৮. জনাব মাহবুবুল আলম

৯. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ

| ক্রমিক নং | বিভাগীয় প্রধানগণ | পদের নাম | বিভাগের নাম |
|---|---|---|---|
| ০১ | মিসেস রুকসানা চৌধুরী | নির্বাহী পরিচালক | এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও এএমএল/সিএফটি উইং |
| ০২ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | নির্বাহী পরিচালক | এসআরএমআইসি, প্রশাসন ও অর্থ বিভাগ |
| ০৩ | জনাব মোঃ সাইফুর রহমান | নির্বাহী পরিচালক | এসআরআই, সার্ভেইল্যান্স বিভাগ |
| ০৪ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | নির্বাহী পরিচালক | এমআইএস, আর অ্যান্ড ডি ও সিডিএস বিভাগ |
| ০৫ | জনাব এম হাছান মাহমুদ | নির্বাহী পরিচালক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি ও কর্পোরেট ফাইন্যান্স বিভাগ |
| ০৬ | জনাব মাহবুবুল আলম | নির্বাহী পরিচালক | ক্যাপিটাল ইস্যু, নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক ও ফাইন্যান্সিয়াল লিটারেসি বিভাগ |
| ০৭ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | নির্বাহী পরিচালক | সিএমআরআরসি ও আইন বিভাগ |

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ

| ক্রমিক নং | নাম | পদের নাম | বিভাগের নাম |
|---|---|---|---|
| ০১ | জনাব কামরুল আনাম খান | পরিচালক | ক্যাপিটাল ইস্যু |
| ০২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | পরিচালক | ক্যাপিটাল ইস্যু |
| ০৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | পরিচালক | এসআরআই |
| ০৪ | জনাব রিপন কুমার দেবনাথ | পরিচালক | সিএমআরআরসি |
| ০৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | পরিচালক | এনফোর্সমেন্ট |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | পরিচালক | নিবন্ধন |
| ০৭ | জনাব মোঃ মাহমুদুল হক | পরিচালক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ০৮ | জনাব প্রদীপ কুমার বসাক | পরিচালক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ০৯ | জনাব রাজিব আহমেদ | পরিচালক | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | পরিচালক | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনছুর রহমান | পরিচালক | এসআরএমআইসি |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | পরিচালক | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | পরিচালক | সার্ভেইল্যান্স |
| ১৪ | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিব ও পরিচালক | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | পরিচালক | গবেষণা ও উন্নয়ন |

# ৫. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীনে ৮ জুন, ১৯৯৩ তারিখে বিএসইসি প্রতিষ্ঠিত হয়, যার মূল উদ্দেশ্যসমূহঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হয় যাঁরা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হয়। সরকার তাঁদেরকে ৬৫ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- বিধি প্রণয়ন:
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৬. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

রাজশাহী বিভাগীয় “বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা ২০১৭”




Formatted: Font: SutonnyMJ, 18 pt

বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা ২০১৭, রাজশাহীতে অনুষ্ঠিত মঞ্চে উপবিষ্ট বিএসইসি কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক আয়োজিত দেশের সকল বিভাগীয় শহরে ও বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ২২ জুলাই ২০১৭ তারিখে রাজশাহীর সাহেব বাজারের, মুনলাইট গার্ডেন কনভেনশন সেন্টারে, “বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা ২০১৭” অনুষ্ঠিত হয়।

উক্ত কনফারেন্স উদ্বোধন করেন বিএসইসি’র কমিশনার অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন নিজামী। উদ্বোধন কালে তিনি বলেন, দীর্ঘ মেয়াদে একটি স্থিতিশীল পুঁজিবাজার গঠন করতে কমিশন কাজ করে যাচ্ছে। স্থিতিশীল পুঁজিবাজার গঠন করার জন্য দক্ষ বিনিয়োগকারী প্রয়োজন। এই দক্ষ বিনিয়োগ কারী গঠনের জন্য বিএসইসি দেশব্যাপী বিনিয়োগশিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। পুঁজিবাজারে বিনিয়োগ করতে হলে সবার আগে মৌলিক কিছু বিষয় জানা জরুরী। আগের যে কোন সময়ের চেয়ে অনেক ভালো অবস্থায় আছে দেশের পুঁজিবাজার। তিনি আরও বলেন, বর্তমান কমিশন ২০১১ সালে দায়িত্ব নেয়ার পর পুঁজিবাজারে আইনি ও অবকাঠামোগত অনেক সংস্কার করেছে। এসব সংস্কারের সুফল পেতে শুরু করছে বাজার তথা বিনিয়োগকারীগণ। বিএসইসি একটি বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নিয়েছে। এই একাডেমির মাধ্যমে আগামী দিনের বিনিয়োগকারী ও ভবিষ্যতে যারা বাজার পরিচালনা করবেন সেই জনশক্তি তৈরী করা সম্ভব হবে। পাশাপাশি দেশের পুঁজি বাজারকে গ্রাম পর্যায়ে পৌছে দেয়া সম্ভব হবে।

উদ্যোক্তাদের উদ্দেশ্যে অধ্যাপক নিজামী বলেন, দেশের অর্থনৈতিক অগ্রগতির ধারাকে গতিময় রাখার জন্য শিল্পবাণিজ্যে বিনিয়োগ প্রয়োজন। আর এই অর্থায়নের অন্যতম প্রধান উৎস হতে পারে দেশের পুঁজিবাজার। ব্যাংকের ওপর নির্ভরশীলতা কমিয়ে পুঁজিবাজারের মাধ্যমে অর্থ সংগ্রহের সুযোগ সৃষ্টি হয়েছে। এখন খুব সহজেই উদ্যোক্তাগণ স্বচ্ছ প্রক্রিয়ায় পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহ করতে পারে।

উদ্বোধন কালে উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা, এফসিএমএ, নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান ও জনাব মোঃ মাহবুবুল আলম, ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক জনাব কে. এ. এম. মাজেদুর রহমান, সিএসই'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এম. সাইফুর রহমান মজুমদার, এফসিএ, এফসিএমএ, ডিএসই'র ব্রোকারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর প্রেসিডেন্ট জনাব আহমেদ রশিদ লালী, সিডিবিএল এর উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ্রকান্তি চৌধুরী এবং বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান। বিএসইসি'র পরিচালক মিসেস ফারহানা ফারুকীর সঞ্চালনায় বিএসইসি'র কমিশনার অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন নিজামী'র সভাপতিত্বে অনুষ্ঠানের প্রথম পর্বে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর উপর মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম এবং "বিনিয়োগ শিক্ষা ও প্রাসঙ্গিক বিষয়"এর উপর প্যানেল আলোচক হিসেবে অংশ গ্রহণ করেন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম, ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক জনাব কে. এ. এম. মাজেদুর রহমান, ডিএসই ব্রোকারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর প্রেসিডেন্ট জনাব আহমেদ রশিদ লালী এবং সিডিবিএল-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ্রকান্তি চৌধুরী। পরে সমাপণী বক্তব্য প্রদান করেন বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আমজাদ হোসেন।

নামাজ ও মধ্যাহ্ন বিরতির পর অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে স্বাগত বক্তব্য প্রদান করেন বিএসইসি'র কমিশনার ড. স্বপন কুমার বালা, এফসিএমএ। স্বাগত বক্তব্যে তিনি বলেন, উদ্যোক্তাগণ পুঁজিবাজারকে ব্যবহার করে দেশের শিল্পায়ন করতে পারেন। প্রাথমিক গণ প্রস্তাবের মাধ্যমে শেয়ার বিক্রি করে শিল্পায়নের জন্য মূলধন সংগ্রহ করা যায়। এতে তাদের খরচ কম হয়। পরে ড. স্বপন কুমার বালা, এফসিএমএ এর সভাপতিত্বে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে "পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলনের পদ্ধতি এবং উত্তোলিত পুঁজি রাজশাহীর শিল্পোন্নয়নে ব্যবহার" সংক্রান্ত মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম এবং "শিল্পায়নে পুঁজি বাজারের ভূমিকা ও সম্ভাবনা" এর উপর প্যানেল আলোচক হিসেবে অংশগ্রহণ করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান, সিএসই'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এম. সাইফুর রহমান মজুমদার, এফসিএ, এফসিএমএ, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব মো: ছায়েদুর রহমান, অ্যাসোসিয়েশন অব এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ অ্যান্ড মিউচ্যুয়াল ফান্ড-এর সভাপতি ড. হাসান ইমাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ব্যবসা শিক্ষা অনুষদ এর ডীন অধ্যাপক ড. আমজাদ হোসেন।

## ৭. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

এ সময়ে নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছে :

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | মার্জিন রুলস, ১৯৯৯ এর রুল ৩(৫) এর কার্যকারিতা ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত স্থগিত করা প্রসঙ্গে | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০১ তারিখ: ১৭ আগস্ট ২০১৭। |

## ৮. কর্পোরেট ফাইন্যান্স

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ১০ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০২ |
| | | সিকিউরিটিজ আইনের বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| | | IPO/RI ইস্যু এর তহবিল ব্যবহার সংক্রান্ত বিশেষ নিরীক্ষক নিয়োগ। | ০১ |
| | | কোম্পানি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ০১ |
| ২. | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১০ |
| ৩. | অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ |
| | | বিধিবদ্ধ নিরীক্ষিক এর পুন:নিয়োগ সংক্রান্ত সম্মতি। | ০১ |
| | | নিরীক্ষিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য আইসিএবিতে পাঠান হয়েছে। | ০২ |
| ৪. | ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১০ |
| ৫. | জুন ৩০, ২০১৭ তারিখে সমাপ্ত ২য় প্রান্তিক/অধ-বার্ষিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১০ |

| | | | |
|---|---|---|---|
| ৬. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | কমিশনের নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪, তারিখ অগাস্ট ০৭, ২০১২ ইং জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন পরিপালন সাপেক্ষে, কোম্পানির পরিচালনা পর্ষদে নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৪ |
| ৭. | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন। | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্ত পরিপালন না করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |

# ৯. ক্যাপিটাল ইস্যু

মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত প্রাইভেট লিমিটেড কোম্পানি তালিকা :

| ক্রমিক নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | করিম স্পিনিং মিল্স লি: | বোনাস শেয়ার টাকা ২৬,২৫,০০,০০০/- | ০২.০৭.২০১৭ | ২৬২,৫০০,০০০ |
| ২ | ঢাকা সাউর্দান পাওয়ার কো: লি: | সাধারণ শেয়ার টাকা ৫০,৬৬,৭০,০০০/- | ০২.০৭.২০১৭ | ৫০৬,৬৭০,০০০ |
| ৩ | ফার-ইষ্ট স্টক এন্ড বন্ড লি: | বোনাস শেয়ার টাকা ৮,২৬,৮৯,৮৮০/- | ১৬.০৭.২০১৭ | ৮২,৬৮৯,৮৮০ |
| ৪ | আইল্যান্ড সিকিউরিটিজ লি: | সাধারণ শেয়ার টাকা ৯,০০,০০,০০০/- | ২৪.০৭.২০১৭ | ৯০,০০০,০০০ |
| ৫ | আরএসপিএল হেল্থ বিডি লি: | বোনাস শেয়ার টাকা ২,৯১,৭১,১১০/- | ২৫.০৭.২০১৭ | ২৯,১৭১,১১০ |
| ৬ | সিস্টেম সল্যুশন অ্যান্ড ডেভেলপম্যান্ট টেকনোলজিস লি: | বোনাস শেয়ার টাকা ১১,০০,০০,০০০/- | ২৭.০৭.২০১৭ | ১০০,৫০০,০০০ |
| ৭ | ভিশন ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড | বোনাস শেয়ার টাকা ৩,৭৪,২২,৭৭০/- | ২৬.০৭.২০১৭ | ৩৭,৪২২,৭৭০ |
| ৮ | এবি ইনভেস্টমেন্ট লি: | সাধারণ শেয়ার টাকা ১৪,৯৪,২৮,৪১০/- | ৩০.০৭.২০১৭ | ১৪৯,৪২৮,৪১০ |
| ৯ | নাসির গ্লাস ইন্ড্রাস্ট্রিজ লি: | সাধারণ শেয়ার টাকা ৪৮,০০,০০,০০০/- | ৩১.০৭.২০১৭ | ৪৮০,০০০,০০০ |
| ১০ | খোকন মেমোরিয়াল হসপিটাল লি: | সাধারণ শেয়ার টাকা . ২২,০৫,৪০,০০০/- | ৩১.০৭.২০১৭ | ২২০,৫৪০,০০০ |
| ১১ | বিডি পেইন্টস লি: | সাধারণ শেয়ার টাকা ২৮,০০,০০,০০০/- | ২০১.০৮.২০১৭ | ২৮০,০০০,০০০ |
| ১২ | ইন্টারন্যাশনাল এপ্লাইন্স লি: | সাধারণ শেয়ার টাকা ৩৮০,০০১,০০০/- | ০৬.০৮.২০১৭ | ৩৮০,০০১,০০০ |
| ১৩ | পেট্রোসেয় (বাংলাদেশ) লি: | সাধারণ শেয়ার টাকা ১১,০০,০০,০০০/- | ০৬.০৮.২০১৭ | ১১০,০০০,০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | আর্কটিক বিস্কুট প্রাইভেট লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪০,০০০,০০০/- | ০৬.০৮.২০১৭ | ৪০,০০০,০০০ |
| ১৫ | বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিঃ | সাধারণ শেয়ার টাকা ২,৯৮৯,০০০,০০০/- | ১০.০৮.২০১৭ | ২,৯৮৯,০০০,০০০ |
| ১৬ | কুলুটেক্স এপ্লাইন্স লিঃ | সাধারণ শেয়ার টাকা ৯,৯৩,৭৫,০০০/- | ১৩.০৮.২০১৭ | ৯৯,৩৭৫,০০০ |
| ১৭ | স্প্যারো এপারেলস্ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩,৮১,৪২,৮০০/- | ১৩.০৮.২০১৭ | ৩৮,১৪২,৮০০ |
| ১৮ | সেম্বক্রুপ নর্থ-ওয়েস্ট পাওয়ার কোং লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪২৯,৪১,৩৭,০০০/- | ১৭.০৮.২০১৭ | ৪,২৯৪,১৩৭,০০০ |
| ১৯ | ইউরোটেক্স নিটওয়্যার লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩৬,০০,০০,০০০/- | ২০.০৮.২০১৭ | ৩৬০,০০০,০০০ |
| ২০ | সিমেন্স হেলথ কেয়ার লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩৯,৭১,১০,০০০/- | ২০.০৮.২০১৭ | ৩৯৭,১১০,০০০ |
| ২১ | সি পার্ল বীচ রিসোর্ট অ্যান্ড স্পা লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪৮৬,৯৯৯,৪৯০/- | ২২.০৮.২০১৭ | ৪৮৬,৯৯৯,৪৯০ |
| ২২ | আইডিএলসি সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৬০,০০,০০,০০০/- | ২৩.০৮.২০১৭ | ১,৬০০,০০০,০০০ |
| ২৩ | ইটিসিয়া (বিডি) লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩৯৮,০০,০০০/- | ২৩.০৮.২০১৭ | ৩৯,৮০০,০০০ |
| ২৪ | গার্ডিনিয়া ওয়্যারস্ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৯,২৫,৫৭,৬৯০/- | ২৮.০৮.২০১৭ | ৯২,৫৫৭,৬৯০ |
| ২৫ | বেনকো এনার্জি জেনারেশন লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪৯৩,২০০,০০০/- | ৩০.০৮.২০১৭ | ৪৯৩,২০০,০০০ |
| ২৬ | রেডিয়ান্ট ফার্মাসিউটিকেলস লিঃ | বোনাস শেয়ার টাকা ৭,৫০,০০,০০০/- | ০৬.০৯.২০১৭ | ৭৫,০০০,০০০ |
| ২৭ | ট্রাইস পেক লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩৯৯,১০০,০০০/- | ১০.০৯.২০১৭ | ৩৯৯,১০০,০০০ |
| ২৮ | ওমেরা পেট্রোলিয়াম লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৬২,৭৩,৩৩,৩৩০/- | ১২.০৯.২০১৭ | ১,৬২৭,৩৩৩,৩৩০ |
| ২৯ | ওমেরা গ্যাস লিঃ | সাধারণ শেয়ার টাকা ২৩,৮৪,০০,০০০/- | ১২.০৯.২০১৭ | ২৩৮,৪০০,০০০ |
| ৩০ | আল ফারুক ব্যাগস লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩৮,২০,০০,০০০/- | ১৩.০৯.২০১৭ | ৩৮২,০০০,০০০ |
| ৩১ | চিটাগং ডেনিম মিলস লিঃ | সাধারণ শেয়ার টাকা ২৫০,০০০,০০০/- | ১৪.০৯.২০১৭ | ২৫০,০০০,০০০ |
| ৩২ | সামাজিক হেল্থ সাইন্সস ইন্সটিটিউট অ্যান্ড রিসার্চ সেন্টার লিঃ | সাধারণ শেয়ার টাকা ১২,০০০,০০০,০০০/- | ১৮.০৯.২০১৭ | ১২,০০০,০০০,০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩ | চায়না গ্লেজ বাংলাদেশ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৮১,১৭৯,৩০০/- | ২৪.০৯.২০১৭ | ৮১,১৭৯,৩০০ |
| ৩৪ | গ্রেট ওয়াল সিরামিক ইন্ডাস্ট্রি লিঃ | বোনাস শেয়ার টাকা ৪০,০০০,০০০/- | ২৪.০৯.২০১৭ | ৪০,০০০,০০০ |
| ৩৫ | রিভি টেক্স লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৫,৩৬,৪৭,০০০/- | ২৫.০৯.২০১৭ | ১৫৩,৬৪৭,০০০ |
| ৩৬ | পার্ল গার্মেন্টস কোঃ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৭,৮০,৩৪,৯০০/- | ২৫.০৯.২০১৭ | ৭৮,০৩৪,৯০০ |
| ৩৭ | লাবিব ডাইং মিল্স লিঃ | বোনাস শেয়ার টাকা ১৪,৯০,০০,০০০/- | ২৭.০৯.২০১৭ | ১৪৯,০০০,০০০ |
| | মোট টাকা | | | ২৯,১৩২,৯৭৯,৬৮০ |

মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত পাবলিক লিমিটেড কোম্পানি তালিকা :

| ক্রমিক নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ক্রিস্টাল ইনসুরেন্স কোং লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৮,০০,০০,০০০/- | ০৩.০৮.২০১৭ | ১৮০০০০০০০ |
| ২ | এনআরবি কমার্শিয়াল লিঃ | বোনাস শেয়ার টাকা ৩২,৫,৬০,০০,০০০/- | ২৪.০৮.২০১৭ | ৩২০৫৬০৬৯০ |
| ৩ | নওয়াব আব্দুল মালেক জুট মিলস (বাংলাদেশ) লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৬,৫০,০০,০০০/- | ২৭.০৮.২০১৭ | ১৬৫০০০০০০ |
| ৪ | রাজ লংকা পাওয়ার কোং লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৭১,৬০০,০০০ | ২৭.০৮.২০১৭ | ১৭১৬০০০০০ |
| ৫ | ডেল্টা ফার্মা লিঃ | বোনাস শেয়ার টাকা ৭১,৬২৫,০০০/- | ১১.০৯.২০১৭ | ৭১৬২৫০০০ |
| ৬ | ই-জেনারেশন লিঃ | সাধারণ শেয়ার টাকা ৫০০,০০১,০০০/- | ১১.০৯.২০১৭ | ৫০০০০১০০০ |
| ৭ | এসএম স্পিনিং মিল্স লিঃ | সাধারণ শেয়ার টাকা ৫,৩৫,৫৯,২৫০/- | ১২.০৯.২০১৭ | ৫৩৫৫৯২৫০ |
| ৮ | এলাইড ফার্মাসিউটিক্যালস লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৬৮,০০০,০০০/- | ১৩.০৯.২০১৭ | ১৬৮০০০০০০ |
| ৯ | বিএলআই ক্যাপিটাল লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪০,০০,০০,০০০/- | ১৩.০৯.২০১৭ | ৪০০০০০০০০ |
| ১০ | শিরিন স্পিনিং মিল্স লিঃ | বোনাস শেয়ার টাকা ৪৩,২০,২৩,০০০/- | ১৩.০৯.২০১৭ | ৪৩২০২৩০০০ |
| ১১ | আর. কে স্পিনিং মিল্স লিঃ | সাধারণ শেয়ার টাকা ২০,০০,০০,০০০/- | ১৩.০৯.২০১৭ | ২০০০০০০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | লংকা বাংলা সিকিউরিটিজ লি: | সাধারণ শেয়ার টাকা ২৪,৪৫,৭৩,০৩০/- | ১৭.০৯.২০১৭ | ২৪৪৫৭৩০৩০ |
| ১৩ | সউদ গার্মেন্টস ইন্ডাস্ট্রিজ লি: | সাধারণ শেয়ার টাকা ২৯,৯৪,০০,০০০/- | ১৮.০৯.২০১৭ | ২৯৯৪০০০০০ |
| ১৪ | ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোং লি: | সাধারণ শেয়ার টাকা ৫০,০০,০০,০০০/- | ২৫.০৯.২০১৭ | ৫০০০০০০০০ |
| | মোট টাকা | | | ৩৭০৬৩৪১৯৭০ |

**মূলধন উত্তোলনের** জন্য অনুমোদন প্রাপ্ত **বন্ড ও ডিবেঞ্চারের তালিকা :**

| ক্রমিক নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ন্যাশনাল ব্যাংক লি: | সাব-অর্ডিনেট বন্ড ৪০০,০০,০০,০০০/- | ১০.০৮.২০১৭ | ৪০০০০০০০০০ |
| ২ | লংকা বাংলা ফাইন্যান্স লি: | জিরো কুপন বন্ড টাকা ৫০০,০০,০০,০০০/- | ১০.০৮.২০১৭ | ৫০০০০০০০০০ |
| ৩ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: | মুদারাবা সাব-অর্ডিনেট বন্ড টাকা ৫০০,০০,০০,০০০/- | ১০.০৮.২০১৭ | ৫০০০০০০০০০ |
| ৪ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি: | মুদারাবা সাব-অর্ডিনেট বন্ড টাকা ৪৫০,০০,০০,০০০/- | ২৭.০৮.২০১৭ | ৪৫০০০০০০০০ |
| ৫ | সি পার্লস বিচ রিসোর্স অ্যান্ড স্পা লি: | ২০% কনর্ভাটেবল বন্ড টাকা ৩২৫,০০,০০,০০০/- | ২৯.০৮.২০১৭ | ৩২৫০০০০০০০ |
| ৬ | এইচ আকবর আলী এন্ড কোং লি: | জিরো কুপন বন্ড টাকা ১৮৩৫০০০০০০/- | ১২.০৯.২০১৭ | ১৮৩৫০০০০০০ |
| ৭ | ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | সাব-অর্ডিনেট বন্ড টাকা ২০০,০০,০০,০০০/- | ১২.০৯.২০১৭ | ২০০০০০০০০০ |
| ৮ | সুলতান হাবিবা ফেব্রিক মিলস লি: | ডিবেঞ্চার টাকা ৪,৮৫,০০,০০,০০০/- | ১৪.০৯.২০১৭ | ৪৮৫০০০০০০০ |
| ৯ | ইউনিয়ন ক্যাপিটাল লি: | রেডিমাবল সাব-অর্ডিনেট ফ্লটিং রেট বন্ড টাকা ২৫০,০০,০০,০০০/- | ২৬.০৯.২০১৭ | ২৫০০০০০০০০ |
| ১০ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সসিয়াল সার্ভিস লি: | রেডিমাবল সাব-অর্ডিনেট ফ্লটিং রেট বন্ড টাকা ২০০,০০,০০,০০০/- | ২৬.০৯.২০১৭ | ২০০০০০০০০০ |
| ১১ | সান্তা হোল্ডিং লি: | কনর্ভাটেবল জিরো কুপন বন্ড টাকা ৯০,০০,০০,০০০/- | ২৬.০৯.২০১৭ | ৯০০০০০০০০ |
| | মোট টাকা | | | ৩৫৮৩৫০০০০০০ |

অনুমোদিত রাইট শেয়ারঃ

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| ০১. | ইফাদ অটোস লিমিটেড | ২৬.০৯.২০১৭ | ৬২,১৯২,০০০ সাধারণ শেয়ার প্রতি শেয়ার ১০.০০ টাকা মূল্যে (ইস্যু মূল্য ২০.০০ টাকা) | ১,২৪৩,৮০৪,০০০.০০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর অধীনে জুলাই হতে সেপ্টেম্বর, ২০১৭ ইং সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনমোদন প্রাপ্ত কোম্পানীর বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | মূলধন (প্রাথমিক গনপ্রস্তাবপূর্ব) টাকা | ইস্যু মূল্য (টাকা) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | আইপিও টাকা(প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা | মূলধ (প্রাথ উত্তর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | আমরা নেটওয়ার্কস লিঃ। | ১০.০৭.২০১৭ | ৩৮.০০ কোটি | ৩৯.০০( যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ) ৩৫.০০ (GI) | ১৫,০৪১,২০৯ | ৫৬.২৫ কোটি | ৫৩.০ |
| ২ | ওয়াইম্যাক্স ইলেকট্রোড লিমিটেড | ০৬.০৮.২০১৭ | ৩০.৮৯ কোটি | ১০.০০ | ১,৫০,০০,০০০ | ১৫.০০ কোটি | ৪৫.৮ |
| ২ | নাহী এলুমিনিয়াম কম্পোজিট লিমিটেড | ২৪.০৮.২০১৭ | ৩৩.০০ কোটি | ১০.০০ টাকা | ১,৫০,০০,০০০ | ১৫.০০ কোটি | ৪৮.০ |

# ১০. সার্ভেইল্যান্স

**দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু

ঘটে থাকলে তা কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "Instant Watch Market" ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

**তদন্ত ও অনুসন্ধান :**

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। এ সময়ে কমিশন কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নোক্ত তদন্ত কার্যক্রম পরিচালিত হয়েছে। এছাড়া, উক্ত সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করেছে:

**(ক) তদন্তঃ**

| ক্রমিক নং | তদন্তের ধরণ | তদন্তকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আজিজ পাইপস লিমিটেড, বাংলাদেশ ওয়েল্ডিং ইলেক্ট্রোডস লিমিটেড, বিচ হ্যাচারি লিমিটেড, ফু-ওয়াং ফুডস লিমিটেড এবং খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিমিটেড এর শেয়ারের মূল্য এবং লেনদেন পরিমাণের ক্ষেত্রে অস্বাভাবিক পরিবর্তনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |
| ০২ | বিবিএস ক্যাবলস লিমিটেড এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |
| ০৩ | মুন্নু সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং স্ট্যান্ডার্ড সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর শেয়ারের মূল্য এবং লেনদেন পরিমাণের ক্ষেত্রে অস্বাভাবিক পরিবর্তনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |

**(খ) অনুসন্ধানঃ**

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | ডিসেম্বর ০১, ২০১৬ থেকে জানুয়ারী ১৭, ২০১৭ সময়কালে কে অ্যান্ড কিউ (বাংলাদেশ) লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০২ | মার্চ ৩০, ২০১৭ থেকে এপ্রিল ১২, ২০১৭ সময়কালে রিজেন্ট টেক্সটাইল মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৩ | জনাব কিম জং সুক কর্তৃক ফার কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং আর. এন. স্পিনিং মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৪ | মে ১৮, ২০১৭ থেকে জুন ২৮, ২০১৭ সময়কালে রিজেন্ট টেক্সটাইল মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৫ | শাইনপুকুর সিরামিকস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৬ | মেঘনা কনডেন্সড মিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

| | | |
|---|---|---|
| ০৭ | মে ০২, ২০১৭ থেকে জুলাই ০৫, ২০১৭ সময়কালে কে অ্যান্ড কিউ (বাংলাদেশ) লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৮ | জুট স্পিনার্স লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

এ সময়ে “Instant Watch” market surveillance system এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। উল্লেখিত সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্তে ০৪ (চার) টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমাণ পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

## ১১. নিবন্ধন

নিবন্ধন বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান যেমন স্টক-ব্রোকার, স্টক-ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংক, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে থাকে। এ সময়ে নিবন্ধন বিভাগ বাজার মধ্যস্থকারী প্রতিষ্ঠানসমূহের জন্য নিম্নোক্ত সনদ ইস্যু ও নবায়ন করে।

| ক্রমিক নং | ইস্যুকৃত সনদের ধরণ | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | শাখা অনুমোদন | অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|
| ০১। | স্টক ডিলার (i) | ০ (ডিএসই) | ৬০ | -- | -- |
| | | ০৫ (সিএসই) | ৩৪ | -- | -- |
| ০২। | স্টক ব্রোকার (i) | ০ (ডিএসই) | ৬২ | ০১ | -- |
| | | ০ (সিএসই) | ৪৫ | ০৩ | -- |
| ০৩। | অনুমোদিত প্রতিনিধি (i) | ১০৯ (ডিএসই) | ৩৩ | -- | -- |
| | | ৩৪ (সিএসই) | ১০৪ | -- | -- |
| ০৪। | মার্চেন্ট ব্যাংক (ii) | -- | -- | ০১-- | ০৮ |
| ০৫। | সম্পদ ব্যবস্থাপক (iii) | ০১ | -- | -- | -- |
| ০৬। | সিকিউরিটি কাস্টডিয়ান (iv) | -- | ০১ | -- | -- |
| ০৭। | ডিপজিটরি অংশগ্রহণকারী (v) | ০১ (সিডিবিএল) | ৩৫ | -- | -- |
| ০৮। | ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি (vi) | ০৭ | -- | -- | -- |
| ০৯। | ফান্ড ম্যানেজার (vii) | ০২ | -- | -- | -- |

নিবন্ধন বিভাগ যেসকল বিধিমালা/প্রবিধানমালার অধিনে কার্যক্রম পরিচালনা করে থাকে তার তালিকা নিম্নরূপঃ

i. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;
ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬;
iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১;
iv. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩;
v. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩;
vi. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012;
vii. Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015;

## ১২. মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি

অত্র বিভাগে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করে:

**(১) মিউচ্যুয়াল ফান্ড এর নিবন্ধন ও পাবলিক ইস্যু সংক্রান্ত কার্যক্রম:**

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রম |
|---|---|---|
| ১ | **ফান্ডের খসড়া ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির অনুমোদন সংক্রান্ত কার্যক্রম** | - এইচএফএএমএল ইউনিট ফান্ড<br>- আইডিএলসি গ্রোথ ফান্ড<br>- ক্রিডেন্স ফার্স্ট শরীয়াহ ইউনিট ফান্ড |
| ২ | **ফান্ডের নিবন্ধন ও এসক্রো একাউন্ট খোলার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম** | - জেনিথ এ্যানুয়াল ইনকাম ফান্ড<br>- লংকা বাংলা আল-আরাফাহ শরীয়াহ ইউনিট ফান্ড<br>- এইচএফএএমএল ইউনিট ফান্ড |
| ৩ | **ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন** | - পেনিনসুলা সাধারণ বীমা কর্পোরেশন ইউনিট ফান্ড<br>- আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড |
| ৪ | **স্কীম হিসেবে ঘোষণার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম** | আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড |

(২) **মিউচ্যুয়াল ফান্ড এর অবলুপ্তি/ রূপান্তর সংক্রান্ত কার্যক্রম:**

(ক) এইমস এর ব্যবস্থাপনায় পরিচালিত এমটিবি ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড (মেয়াদী, নিবন্ধিত ফান্ড কিন্তু তালিকাভুক্ত নয়) এর অবসায়ন (Winding Up) এর উদ্দেশ্যে নিরীক্ষা প্রতিবেদন এর চুড়ান্ত অনুমোদন।

(খ) আইসিবি অ্যাসেট ম্যানেজম্যান্ট এর ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি এএমসিএল ফার্স্ট এনআরবি মিউচ্যুয়াল ফান্ড (মেয়াদী) এর অবসায়ন (Winding Up) এর উদ্দেশ্যে নিরীক্ষা প্রতিবেদন এবং নেট এ্যাসেট ভেল্যু এর চুড়ান্ত অনুমোদন ।

**(৩) মিউচ্যুয়াল ফান্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম:**

(ক) বাংলাদেশ ফান্ড এর ট্রাস্টি কমিটি পুনর্গঠন এর অনুমোদন প্রদান ।

# ১৩. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

| ক্রমিক নং | নাম | বছর | এজিএম তারিখ | লভ্যাংশ | | রেকর্ড তারিখ | ঘোষণা তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | নগদ | স্টক | | |
| ১ | আইএফআইসি ব্যাংক লি: | ২০১৬১২ | ৭/৩/২০১৭ | - | ১২%বি | ০৩/০৫/২০১৭ | ০৯/০৪/২০১৭ |
| ২ | ব্যাংক এশিয়া লি: | ২০১৬১২ | ৭/৩/২০১৭ | - | ১২%বি | ১৮/০৫/২০১৭ | ১৭/০৪/২০১৭ |
| ৩ | শাহজালাল ইসলামী ব্যাংক লি: | ২০১৬১২ | ৭/৫/২০১৭ | ১০.০০ | ৫%বি | ২৭/০৪/২০১৭ | ০৬/০৪/২০১৭ |
| ৪ | রূপালী ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৬১২ | ৭/৫/২০১৭ | ১০.০০ | ৫%বি | ২১/০৫/২০১৭ | ১২/০৪/২০১৭ |
| ৫ | এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৬১২ | ৭/৬/২০১৭ | ১০.০০ | - | ০৯/০৫/২০১৭ | ২৯/০৩/২০১৭ |
| ৬ | এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লি: | ২০১৬১২ | ৭/৬/২০১৭ | ১৫.০০ | - | ১১/০৫/২০১৭ | ২০/০৪/২০১৭ |
| ৭ | প্রভাতী ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৬১২ | ৭/৯/২০১৭ | ৬.০০ | ৬%বি | ২৩/০৫/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ৮ | বার্জার পেইন্টস বাংলাদেশ লি: | ২০১৭০৩ | ৭/১৬/২০১৭ | ৬০০.০০ | - | ১৪/০৬/২০১৭ | ২৫/০৫/২০১৭ |
| ৯ | ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লি: | ২০১৬১২ | ৭/১৭/২০১৭ | ১৬.০০ | - | ২২/০৫/২০১৭ | ১১/০৪/২০১৭ |
| ১০ | ফেডারেল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৬১২ | ৭/১৭/২০১৭ | - | ৫%বি | ২৫/০৫/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ১১ | ম্যারিকো বাংলাদেশ লি: | ২০১৭০৩ | ৭/১৭/২০১৭ | ৫০০.০০ | - | ০৫/০৬/২০১৭ | ২৫/০৪/২০১৭ |
| ১২ | জনতা ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৬১২ | ৭/১৮/২০১৭ | | - | ২৫/০৫/২০১৭ | ০২/০৫/২০১৭ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | কন্টিনেন্টাল ইন্সুরেন্স লিঃ | ২০১৬১২ | ৭/২০/২০১৭ | ৫.০০ | ৫%বি | ০৪/০৬/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ১৪ | ইসলামী ইন্সুরেন্স বাংলাদেশ লিঃ | ২০১৬১২ | ৭/২২/২০১৭ | - | ১০%বি | ২৩/০৫/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ১৫ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | ২০১৬১২ | ৭/২৩/২০১৭ | ৫.০০ | ৫%বি | ২৪/০৫/২০১৭ | ২০/০৪/২০১৭ |
| ১৬ | মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ২০১৬১২ | ৭/২৫/২০১৭ | - | ১৫%বি | ৩১/০৫/২০১৭ | ২৫/০৪/২০১৭ |
| ১৭ | ইস্টার্ন ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৭/২৫/২০১৭ | ২০.০০ | - | ০৭/০৬/২০১৭ | ৩০/০৪/২০১৭ |
| ১৮ | প্রিমিয়ার ব্যাংক লিঃ | ২০১৬১২ | ৭/২৭/২০১৭ | ১০.০০ | ২%বি | ২৫/০৫/২০১৭ | ২৭/০৪/২০১৭ |
| ১৯ | স্টান্ডার্ড ইন্সুরেন্স লিঃ | ২০১৬১২ | ৭/২৭/২০১৭ | - | ১০%বি | ০৫/০৭/২০১৭ | ০৮/০৬/২০১৭ |
| ২০ | সোনার বাংলা ইন্সুরেন্স লিঃ | ২০১৬১২ | ৭/৩০/২০১৭ | - | ১০%বি | ২৫/০৫/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ২১ | পূরবী জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৭/৩০/২০১৭ | - | ১০%বি | ১২/০৬/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ২২ | যমুনা ব্যাংক লিঃ | ২০১৬১২ | ৮/৭/২০১৭ | ২০.৫০ | - | ০৫/০৬/২০১৭ | ২৭/০৪/২০১৭ |
| ২৩ | পপুলার লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৮/৮/২০১৭ | ৪০.০০ | - | ১০/০৭/২০১৭ | ১৩/০৬/২০১৭ |
| ২৪ | ন্যাশনাল ব্যাংক লিঃ | ২০১৬১২ | ৮/২০/২০১৭ | - | ২০%বি | ০৫/০৬/২০১৭ | ০২/০৫/২০১৭ |
| ২৫ | বাংলাদেশ ল্যাম্পস লিঃ | ২০১৭০৬ | ৯/১২/২০১৭ | ৩০.০০ | ০ | ২৯/০৮/২০১৭ | ০৮/০৮/২০১৭ |
| ২৬ | পিপলস লিজিং অ্যান্ড ফাইন্যান্স সার্ভিসেস লিঃ | ২০১৬১২ | ৯/১৯/২০১৭ | | - | ০৭/০৮/২০১৭ | ১২/০৭/২০১৭ |
| ২৭ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৯/২০/২০১৭ | | - | ২৫/০৭/২০১৭ | ১৮/০৬/২০১৭ |
| ২৮ | সন্ধানী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৯/২৫/২০১৭ | - | ২০%বি | ২০/০৮/২০১৭ | ১০/০৭/২০১৭ |
| ২৯ | এ্যাপেক্স ট্যানারি লিঃ | ২০১৭০৬ | ৯/২৫/২০১৭ | ৪০.০০ | ০ | ১০/০৯/২০১৭ | ২০/০৮/২০১৭ |
| ৩০ | ন্যাশনাল লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৯/২৬/২০১৭ | ২০.০০ | ১৫%বি | ০৮/০৮/২০১৭ | ১৯/০৭/২০১৭ |
| ৩১ | সানলাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড | ২০১৬১২ | ৯/২৬/২০১৭ | | - | ০৬/০৯/২০১৭ | ১৬/০৮/২০১৭ |
| ৩২ | প্রগতি লাইফ ইন্সুরেন্স লিঃ | ২০১৬১২ | ৯/২৮/২০১৭ | ৮.০০ | ১৭%বি | ২৭/০৭/২০১৭ | ০২/০৭/২০১৭ |
| ৩৩ | মেঘনা লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৯/২৮/২০১৭ | ২০.০০ | ৫%বি | ০২/০৮/২০১৭ | ১৩/০৭/২০১৭ |
| ৩৪ | রূপালি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ | ৯/২৮/২০১৭ | ১০.০০ | - | ২৪/০৮/২০১৭ | ২৪/০৭/২০১৭ |
| ৩৫ | বিএসআরএম স্টিলস লিঃ | ২০১৭০৬ | ৯/২৮/২০১৭ | ৩৫.০০ | ০ | ০৭/০৯/২০১৭ | ১৩/০৮/২০১৭ |
| ৩৬ | বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস্ লিমিটেড | ২০১৭০৬ | ৯/২৮/২০১৭ | ১০.০০ | ১০%বি | ০৭/০৯/২০১৭ | ১৩/০৮/২০১৭ |

**তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে অভিযোগঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | মিমাংসিত |
|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান | ৮ | ২ | ৬ |
| ডিবেঞ্চারের আসল ও সুদ প্রদান না করা | – | – | – |
| শেয়ার ট্রান্সফার সম্পর্কিত | ৩ | ২ | ১ |
| রাইট অফারের পত্র না পাওয়া | - | - | - |
| বার্ষিক প্রতিবেদন না পাওয়া | ৪ | - | ৪ |
| রিফান্ড ওয়ারেন্ট সংক্রান্ত | ১ | - | ১ |
| শেয়ারের ডিমেট সংক্রান্ত | ১ | – | ১ |
| বিবিধ | ২১ | ৭ | ১৪ |
| **মোট** | **৩৮** | **১১** | **২৭** |

কমিশনের এর নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই ও সিএসই তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত ২৭ টি অভিযোগ মিমাংসা করে।

## ১৪. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

এসআরআই বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স্ ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেকহোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে। উক্ত বিভাগ এ সময়ে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেঃ

**ক) বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ ঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন/ স্থগিতকৃত | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএসই/সিএসই' তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১৭ | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | ১ | - | ১ | ১ | - | - | - |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ৯ | ১৩ | ২২ | ৭ | - | ১২ | ৩ |
| শেয়ার হস্তান্তর না করা সংক্রান্ত | - | ৩ | ৩ | - | ১ | - | ২ |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা | ১ | ৮ | ৯ | - | - | ২ | ৭ |
| ফোর্স সেল/মার্জিন সংক্রান্ত | ১ | ৬ | ৭ | ৪ | ১ | - | ২ |
| শেয়ার হস্তান্তর না করার কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি | - | ১ | ১ | - | - | - | ১ |
| নিষ্পত্তিকরণের ক্ষেত্রে বিলম্ব হওয়া সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| শেয়ার না পাওয়া সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| স্টক ডিলার/ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/অনিয়ম | ১ | - | ১ | ১ | - | - | - |
| নগদ/চেক/ডিভিডান্ড/বোনাস সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| বিবিধ | ৪ | - | ৪ | ৩ | - | - | ১ |
| **মোট** | **১৭** | **৩১** | **৪৮** | **১৬** | **২** | **১৪** | **১৬** |

**খ) এসআরআই বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শন কার্যক্রমঃ**

| ক্রঃ নং | বিবরণ | পরিদর্শন | পরিদর্শনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ব্রোকার/স্টক ডিলার | মাসিক নিয়মিত পরিদর্শন | ১১ | ৪ | ২ | ৫ |
| | | বিশেষ পরিদর্শন | ২ | - | ১ | ১ |
| ০২. | মার্চেন্ট ব্যাংক | মাসিক নিয়মিত পরিদর্শন | ২ | - | ১ | ১ |
| ০৩ | সম্পদ ব্যবস্থাপক | নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| **মোট** | | | **১৫** | **৪** | **৪** | **৭** |

# ১৫. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লংঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত কালে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার

কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক এ সময়ে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ প্রদর্শন করা হল ঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠান/ব্যক্তি(সংখ্যায়) | এনফোর্সমেন্ট ব্যাবস্থার ধরণ | |
|---|---|---|---|---|
| | | | জরিমানা | সতর্কীকরণ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ৪৫ | ৪৪ | ১ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার | ৩ | ১ | ২ |
| | মোট | ৪৮ | ৪৫ | ৩ |

## ১৬. আইন

কমিশন কর্তৃক এবং কমিশন এর বিরুদ্ধে মোট ৫৩৫টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | আপীল বিভাগ | ১৭টি |
| | | হাইকোর্ট বিভাগ | ২২৮টি |
| ০২. | স্পেশাল ট্রাইব্যুনাল বিএসইসি, ঢাকা | | ১৭টি |
| ০৩. | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারী জজ আদালত ঢাকা | | ১১টি |
| ০৪. | চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট আদালত, ঢাকা | | ০৪টি |
| ০৫. | শ্রম আদালত, ঢাকা | | ০২টি |
| ০৬. | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৫৬টি |
| | **মোট মামলার সংখ্যা :** | | **৫৩৫টি** |

## ১৭. সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

**সিডিবিএল এ নিম্নলিখিত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ড তালিকাভুক্ত হয়েছেঃ**

| কোম্পানির নাম | অন্তর্ভূক্তির তারিখ |
|---|---|
| ন্যাম আইবিবিএল ইসলামিক ইউনিট ফান্ড | জুলাই ২৪, ২০১৭ |
| ইউএফএস আইবিবিএল শরীয়াহ ইউনিট ফান্ড | জুলাই ২৪, ২০১৭ |
| বিবিএস ক্যাবলস্ লিমিটেড | জুলাই ৩১, ২০১৭ |

## ১৮. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারাইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা এবং ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এমআইএস বিভাগের মূল উদ্দেশ্য ।

বর্তমানে বিএসইসির সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভূক্ত। বিএসইসিতে তৈরীকৃত ইন্টিগ্রেটেড বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) সফটওয়ার এর বিভিন্ন মডিউল বিভিন্ন বিভাগের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। কাগজের ব্যবহার হ্রাসের উদ্দেশ্যে বিএসইসিতে E-paper Clipping System প্রবর্তন করা হয়েছে। বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ তাদের ওয়ার্কস্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ৬০ **Mbps** গতির ব্রডব্যান্ড ইন্টারনেট (ফাইবার অপটিক) ব্যবহার করে থাকেন। এছাড়া বিএসইসি'র অফিসিয়াল ওয়েবসাইটটিকে বাংলা ও ইংরেজী (ইউনিকোড ভিত্তিক) উভয় ভাষায় আধুনিকীকরণের কাজ চলমান রয়েছে। বিএসইসি সরকারের বাংলা গভঃনেট ওয়াইড এরিয়া নেটওয়ার্কের সাথে সংযুক্ত হয়েছে। ইতিমধ্যে এমআইএস বিভাগ ইনোভেশন সংক্রান্ত দু'টি কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করেছে এবং সেগুলো কমিশনের ওয়েবসাইটে সংযুক্ত করা হয়েছে। বাস্তবায়িত ইনোভেশন দু'টি হলঃ-

- সেবা প্রত্যাশীদের জন্য ই-নোটিশ বোর্ড এবং
- সিকিউরিটিজ সংক্রান্ত আইনের অধীনে প্রণীত বিধি ও নোটিফিকেশনসমূহের মধ্যে ওয়েবভিত্তিক সংযোগ স্থাপন ও উপস্থাপন।

বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bd ও www.secbd.org) প্রেস রিলিজ, সিকিউরিটিজ আইন, আইপিও প্রসপেক্টাস, এলিজিবল সিকিউরিটিজ, ডিপজিটরী পার্টিসিপেন্টস, এনফোর্সমেন্ট এ্যাকশনস, রিপোর্টস ইত্যাদি বিভিন্ন তথ্য সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা হয় এবং ওয়েব সাইটটি প্রচুর ব্যবহৃত হয়ে থাকে। এমআইএস বিভাগ উল্লিখিত সিস্টেমসমূহের ডেভেলপমেন্ট, মডিফিকেশন ও মেইনটেন্যান্সের কাজ করে থাকে।

**এ সময়ে** ওয়েবসাইটে বিশেষ কিছু আপলোডের সংখ্যাঃ

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস/রাইট ইস্যু অফার ডকুমেন্ট স্থাপন | ৪টি আইপিও |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ১৮টি |
| অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ২টি |
| এলিজিবল সিকিউরিটিজ/ডিপি ইত্যাদির তালিকা আপডেট | ০ |
| ত্রৈমাষিক প্রতিবেদন স্থাপন | ০ |
| বার্ষিক প্রতিবেদন স্থাপন | ১টি |
| মতামতের জন্য প্রস্তাবিত খসড়া আইন স্থাপন | ০ |

| | |
|---|---|
| প্রেস বিজ্ঞপ্তি | ৮টি |
| দরপত্র বিজ্ঞপ্তি | ০ |
| নিয়োগ বিজ্ঞপ্তি | ০ |

## ১৯. গবেষণা ও উন্নয়ন

গবেষণা ও উন্নয়ন বিভাগ সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রতিমাসে নিয়মিত দু'টি এবং পৃথকভাবে শুধুমাত্র নারী বিনিয়োগকারীদের জন্য প্রতিমাসে একটি করে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন এবং সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থার জন্য পুঁজিবাজার বিষয়ক সেমিনার আয়োজন করে থাকে। এছাড়া স্টক এক্সচেঞ্জের সাথে যৌথভাবে ব্রোকার হাউজের অনুমোদিত প্রতিনিধিদের জন্য নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত করে আসছে। কমিশনের বিভিন্ন প্রকাশনা যেমন বার্ষিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজী), কোয়ার্টারলি রিভিউ, ত্রৈমাসিক পরিক্রমা , কমিশনের কার্যাবলীর উপর বুকলেট, পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ বিষয়ক বুকলেট ইত্যাদি প্রণয়নের কাজ গবেষণা ও উন্নয়ন বিভাগ সম্পাদন করে থাকে। বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রতিদিন পুঁজিবাজার সংশ্লিষ্ট যে সকল খবর ছাপা হয় তা কাটিং করতঃ কমিশনের এবং নির্বাহীগণের নিকট প্রতিদিন সরবরাহ করা হয়। তাছাড়া মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নিয়মিত বিভিন্ন তথ্য গবেষণা ও উন্নয়ন বিভাগ মন্ত্রণালয়কে সরবরাহ করে থাকে। সম্পাদিত কাজের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক নং | কাজের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১ | সাধারন বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (তিন-দিনব্যাপী কর্মসূচি) | ০৬ |
| ২ | নারী বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (তিন-দিনব্যাপী কর্মসূচি) | ০১ |
| ৩ | অনুমোদিত প্রতিনিধিদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (দুই-দিনব্যাপী কর্মসূচি) | ০২ |
| ৪ | বার্ষিক প্রতিবেদন ২০১৫-২০১৬ অর্থ মন্ত্রনালয়ে প্রেরণ | ১ |
| ৫ | কোয়ার্টারলি রিভিউ | ১ |
| ৬ | পরিক্রমা | ১ |
| ৭ | মাসিক কর্মপরিকল্পনা- অর্থ মন্ত্রনালয়ে প্রেরণ | ৩ |
| ৮ | মাসিক প্রতিবেদন- অর্থ মন্ত্রনালয়ে প্রেরণ | ৩ |

এ সময়ে কমিশন ৭ টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ২১৯ জন সাধারণ ও ৩৭ জন নারী বিনিয়োগকারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ২০.আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ

এ সময় **সম্পাদিত কার্যাবলী নিম্নরূপঃ**

১. IOSCO কর্তৃক প্রাপ্ত ই-মেইলের ভিত্তিতে বিএসইসি কর্তৃক বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ, ২০১৭ পালনের উদ্দেশ্যে ২-৮ অক্টোবর ২০১৭ সময়কালে এতদসংক্রান্ত বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করার বিষয়টি IOSCO এর সাথে এপ্রিল ২০১৭ থেকে ধারাবাহিক যোগাযোগের মাধ্যমে চূড়ান্ত করা হয়। বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৭ একটি বৈশ্বিক ক্যাম্পেইন যা বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত বিনিয়োগ শিক্ষা ও সুরক্ষা এবং প্রবর্তিত বিভিন্ন সিকিউরিটিজ

রেগুলেশন সম্পর্কে আলোকপাত করে। IOSCO সদস্যগণ যারা এই আয়োজনে অংশগ্রহণ করেছে তারা স্থানীয় ও জাতীয়ভাবে তাদের নিজস্ব বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত নানা কর্মসূচি যেমন এদতসংক্রান্ত বিভিন্ন প্রকাশনা প্রকাশ এবং ওয়ার্কশপ, কনফারেন্স ইত্যাদি আয়োজন করেছে। বিএসইসি এ উপলক্ষ্যে র‍্যালী, বিনিয়োগ শিক্ষা মেলা, আলোচনা সভা, কনফারেন্স, ওয়ার্কশপ, সেমিনারসহ নানা কর্মসূচি গ্রহণ করেছে।

২. National Institute of Securities Markets (NISM), India এর একটি প্রশিক্ষক দল কমিশনের আমন্ত্রণে ২২-২৬ অক্টোবর ২০১৭ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের Training of Trainers (ToT) কর্মসূচিতে অংশগ্রহণের নিমিত্ত বাংলাদেশ সফর করবে। NISM এর পরিচালক জনাব সন্দীপ ঘোষ উক্ত প্রতিনিধি দলের নেতৃত্ব দিবেন। এ সময় বিএসইসির কর্মকর্তাসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রায় ১৪০০ জন প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে।

## ২১. স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস

### ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | ডিএসই বোর্ড ইনডেক্স (DSEX) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ৫,৮৬০.৬৫ | ৩,৯৬১,৩৩৮ | ২২ | ৬৫৯২ | ৩০০ | ২০৯,২৯৪.৬০ | ৯,৫১৩.৩৯ |
| আগস্ট | ৬,০০৬.৪৩ | ৪,০২০,৯০৮ | ২১ | ৬৩০৬ | ৩০০ | ১৯৫,৮৯২.৪৪ | ৯,৩২৮.২১ |
| সেপ্টেম্বর | ৬,০৯২.৮৪ | ৪,০৭২,০৮৩ | ১৯ | ৬৫১০ | ৩৪৩ | ১৯৯,৪৪১.২১ | ১০,৪৯৬.৯১ |
| মোট | - | - | ৬২ | ১৯৪০৮ | ৩১৩ | ৬০৪,৬২৮.২৫ | ৯,৭৫২.০৭ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

### চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ১৮১৪৮.৪৪ | ৩২৭৯৭৯০ | ২২ | ৪৭৬ | ২২ | ১৩০৪২.৫১ | ৫৯২.৮৪ |
| আগস্ট | ১৮৬০৪.৭৬ | ৩৩৩৭৪৪১ | ২১ | ৪৭৭ | ২৩ | ১২৮৫৪.৫৪ | ৬১২.১২ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর | ১৮৮৮১.৬০ | ৩৩৮৮৮৫৯ | ১৯ | ৫৪২ | ২৯ | ১৫৮৫৭.৯০ | ৮৩৪.৬৩ |
| মোট | | | ৬২ | ১৪৯৫ | ২৪ | ৪১৭৫৪.৯৫ | ৬৭৩.৪৭ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ।

## ২২. প্রেস রিলিজ

এ সময়ে ৮ টি প্রেস রিলিজ ইস্যু করা হয়েছে; যা পরর্বতী পৃষ্ঠাসমূহে উপস্থাপিতঃ